

৫৫

বগুড়া আয়িযুল হক কলেজে

ছাত্র বিক্ষোভ : ব্যাপক ভাংচুর

কলেজ বন্ধ ঘোষণা

বগুড়া অফিস : গত সোমবার বগুড়া সরকারী আয়িযুল হক কলেজের একদল বিক্ষুব্ধ ছাত্র কলেজ প্রশাসন ও কতিপয় শিক্ষকের বিরুদ্ধে ভ্রোগান দিয়ে কলেজে ব্যাপক ভাংচুর করে। বিক্ষুব্ধ ছাত্রদের হামলায় প্রিন্সিপালের বাসভবন, অফিস কক্ষ, কলেজের বিজ্ঞান ভবন ও অন্যান্য শ্রেণী কক্ষের দরজা-জানালা ও আসবাবপত্রের ব্যাপক ক্ষতি সাধিত হয়েছে। বিক্ষুব্ধ ছাত্রদের হামলায় কলেজের বাস ও মাইক্রোবাস দারুণভাবে ক্ষতিগস্ত হয়েছে। দুপুরের দিকে সংঘটিত এই সংঘর্ষের খবর পেয়ে বিপুলসংখ্যক পুলিশ এসে কলেজ ক্যাম্পাসে অবস্থান নিলে পরিস্থিতি শান্ত হয়। উদ্ভূত পরিস্থিতিতে কলেজ অনির্দিষ্টকালের জন্য বন্ধ করে দেয়া হয়েছে।

শিক্ষক ও ছাত্র-ছাত্রীর সূত্রে জানা যায়, ছাত্র নেতাদের চাপে ১৯৯৭-৯৮ শিক্ষাবর্ষের অনার্স পার্ট-১ কোর্সে নির্ধারিত কোটার চাইতে অতিরিক্ত ৪৩০ জন ছাত্র-ছাত্রীকে ভর্তি করা হয়। কিন্তু জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ উক্ত অতিরিক্ত ছাত্র-ছাত্রীর রেজিস্ট্রেশন না করায় ছাত্র-ছাত্রীরা ক্ষোভে ফেটে পড়ে।